



স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০১.০৩৮.২৩. ২৭১৪


তারিখঃ ২৯/০৪/২০২৩ খ্রিঃ।

“যানবাহন বীমা করনের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)”

১. মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর “যানবাহন বীমা” করনের লক্ষ্যে প্রকৃত বীমাকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।
২. এতদ সঞ্চে সংযুক্ত “কোটেশন দলিল” ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs.munshiganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহণযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।
৩. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৫ নং অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) সিনিয়র জেনারেল ম্যানেজার, মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে।
৪. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৫. সিলমোহরকৃত খাম আগামী ০৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখ এবং সময় ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৩ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে যানবাহনের বীমা করনের লক্ষ্যে আগামী ০৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখ এবং সময় বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৬. প্রাপ্ত দরপত্র সমূহ ০৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস এর ওয়েব সাইট www.pbs.munshiganj.gov.bd এ দেখা যাবে।
৭. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
৮. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্র ও ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
৯. মূল্যায়ন কমিটি কোটেশনের সঞ্চে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১০. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্গিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।
১১. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৫(পাঁচ) দিনের মধ্যে যানবাহনের বীমা সম্পন্ন করতে হবে। নির্ধারিত তারিখে মধ্যে যানবাহনের বীমা করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
১২. Bangladesh Motor Tariff Rule অনুযায়ী দর দাখিল করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহন সমূহের Private Use বিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমা করনের ক্ষেত্রে (First Party Comprehensive) বীমার সমস্ত রিস্ক কভার করতে হবে। বীমার মেয়াদ হবে ০১(এক) বছর।




১৩. সফল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।
১৪. সন্তোষজনক ভাবে বিল উপস্থাপন সাপেক্ষে প্রযোজ্য সরকারী কর ও ভ্যাট কর্তন পূর্বক আপনার হিসাব খাতে প্রাপ্য চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১৫. মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।


(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-নোটিশ বোর্ডে বহল প্রচারের অনুরোধ সহ

- ০১। পরিচালক, পবিস মঃ ব্যঃ ও পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/ সড়ক ও জনপথ বিভাগ), মুন্সীগঞ্জ।
- ০৭। ডিজিএম, সকল জোনাল অফিস, মুপবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম/অর্থ-হিসাব), মুপবিস।
- ০৯। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মুন্সীগঞ্জ (নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের জন্য উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। নোটিশ বোর্ড
- ১১। অফিসকপি/মাষ্টারকপি।


(শেখ মোহাম্মদ আলী)
জেনারেল ম্যানেজার